

বঙ্গদেশের নারী

কিশোর মজুমদার

যখন আমি বাবার ছোট্ট মেয়ে
উচ্ছ্বসিত বর্ণা নামি পাহাড় থেকে বেয়ে
যখন আমি দাদার মিস্টি বোন
প্রাণ খুলে ফুটতে থাকা কিশোরী পপকর্ণ
যখন আমি মায়ের চোখের হাসি
এই দেশ এই পৃথিবী বড্ড ভালোবাসি ।

যখন আমি হাত বাড়ানো প্রেমিক চোখের মণি
বঙ্গ নারীর অঙ্গ ভূষণ নক্সা মধুবনী
রঙের চোখে রঙকে মেখে আপন ঘরের খোঁজে
মনের মানুষ , পাশের আসন সাদরে নেই বুঝে
যখন আমি কাঁধের পাশে মিলিয়ে দিই কাঁধ
যুঝতে থাকা পরিবারের আটখানা আহ্লাদ ।

যখন আমি দেশের ডাকে বঙ্গমুঠি ধাতা
আমিই তখন ঝাঁসির রানি , বীর সে প্রীতিলতা,
যখন আমি সন্তানের হই প্রাচীর , জননী
যুগ যুগান্ত বিবর্তিত গর্ভধারিণী

অসুর যখন ঘরের পাশে ফেলতে থাকে শ্বাস
তখন আমি বাঘিনী যার থাবায় সর্বনাশ
যখন জাগে নরপশুর বড্ড বাড়াবাড়ি
তখন আমি দুর্গারূপী বঙ্গদেশের নারী ।

.....

এরকম আরো আবৃত্তির কবিতার জন্য আমাদের [ওয়েবসাইটটি](http://www.kishoremajumder.com) ফলো করুন

www.kishoremajumder.com